পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

**-ঃ ফরম পূরণের বিজ্ঞপ্তি ঃ-**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ সমূহের ২০২৩ সালের বি.এস-সি. সিভিল ইঞ্জিনিয়ারিং (সেশন ২০২০-২০২১) পার্ট-৪ বিজোড় সেমিস্টার পরীক্ষা আগামী ২০.০৭.২০২৫ তারিখ থেকে শুরু হবে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি ও ফরম অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৪.০৭.২০২৫ তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট করিয়ে ১৫.০৭.২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের মাধ্যমে ফরমগুলি পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে জমা দিতে হবে।

পরীক্ষার ফি

| | | |
|---|---|---|
| ১। | পরীক্ষার ফি (প্রতি কোর্স) - | ১,০০০/- |
| ২। | নন কলেজিয়েট ফি - | ৫০০/- |
| ৩। | থিসিস/প্রজেক্ট পেপার মূল্যায়ন ফি - | ২০০/- |
| ৪। | কেন্দ্র ফি প্রতি বিভাগের দুই বছরের জন্য | প্রযোজ্য পরিমাণ |
| ৫। | | **ব্যবহারিক পরীক্ষার ফি** |
| | (ক) রংপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, রংপুর | ২০,৫০০/- |
| | (খ) টিএমএসএস ইঞ্জিনিয়ারিং কলেজ, বগুড়া | ১৮,৫০০/- |
| | (গ) ইম্পেরিয়াল ইঞ্জিনিয়ারিং কলেজ, খুলনা | ২০,৫০০/- |
| | (ঘ) পাবনা ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা | ১৮,৫০০/- |

বি.দ্র.- ড্রাফট হবে, " রা.বি. অধিভূক্ত কলেজ তহবিল পরীক্ষা হিসাব নম্বর ০২০০০০২৯২২৩৮১, অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা।

অধ্যক্ষ ফরমের সঙ্গে ৬ (ছয়) কপি রোলসীট [শিক্ষার্থী আইডি নং ও শিক্ষাবর্ষ, ছাত্রের নাম (বাংলা ও ইংরেজী) ও তার মাতা-পিতার নাম, পাঠ্য বিষয় ইত্যাদি] টাইপ করে জমা দেবার জন্য অনুরোধ করা যাচ্ছে। রোলসীট এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আইডি নং ছাড়া পরীক্ষার ফরম সঠিকভাবে পূরণ না হলে কোন ফরম গ্রহণ করা হবে না। পরীক্ষার ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট দলিলাদির সঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার সম্পূর্ণ দায়িত্ব সংশ্লিষ্ট অধ্যক্ষের । অধ্যক্ষ কর্তৃক যাচাইকৃত ফরম চুড়ান্ত বলে বিবেচিত হবে। প্রতিটি ফরমের সাথে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত মূল রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং পূর্ববর্তী পরীক্ষার প্রবেশ পত্রের ফটোকপি সংযোজিত করে দিতে হবে। পরীক্ষা ফরম একজন দায়িত্বশীল ব্যক্তি কর্তৃক অত্র দপ্তরে নির্দিষ্ট তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

পরীক্ষা নিয়ন্ত্রক
রাজশাহী বিশ্ববিদ্যালয়
তারিখ: ১৫.০৭.২০২৫

মেমো নং- ৪৯৫ (১৫)/জেশা/পনি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

১। ডীন, প্রকৌশল অনুষদ, রাবি
২। প্রফেসর ড. মোঃ আনোয়ারুল কবীর ভূঁইয়া, সভাপতি, বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং পার্ট-৪/২০২৩ পরীক্ষা কমিটি (অধিভূক্ত কলেজ) ও প্রফেসর, ম্যাটেরিয়াল্স সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, রাবি ।
৩। অধ্যক্ষ, রংপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, জি.এল. রায় রোড, কামাল কাছনা, রংপুর /টিএমএসএস ইঞ্জিনিয়ারিং কলেজ, টিএমএসএস ফাউন্ডেশন অফিস, ঠেঙ্গামারা, রংপুর রোড, বগুড়া / ইম্পেরিয়াল কলেজ অব ইঞ্জিনিয়ারিং, যশোর রোড, বৈকালী, খুলনা-৯০০০/ পাবনা ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, শাপলা প্লাস্টিক মোড, হাসপাতাল রোড, পাবনা-৬৬০০ ।
৪। শাখা প্রধান, বিল শাখা, পনিদ, রাবি।
৫। মি. আকবর DCE/ মি. নাসির উদ্দিন DCE/ মি. সজল SO
৬। অফিস নথি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর, রাবি

' সজল' তাং- ১৫/০৭/২০২৫ (২৭৪)

15.07.25